মেহেরপুরের বিচার বিভাগের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা, দোয়া মাহফিল, ইফতার বিতরন ও এতিমখানায় খাবার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর বিচার বিভাগ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ পালন করেছে।

আজ রবিবার (১৭ মার্চ) মেহেরপুর জেলা জজ আদালত প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মেহেরপুর বিচার বিভাগের সদস্যগণ। অতঃপর জেলা জজ আদালতের মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের ভারপ্রাপ্ত অতিরিক্ত জেলা ও দায়রা জজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবুবকর সিদ্দিক। এ সময় এখানে জেলা জজ আদালত ও চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরে সেখানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিল শেষ উপস্থিত সকলের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়। অতঃপর একটি এতিমখানা মাদ্রাসায় শিক্ষার্থীদের জন্য বিচার বিভাগ মেহেরপুরের পক্ষ থেকে খাবার পৌঁছে দেয়া হয়।

মেহেরপুর বিচার বিভাগের লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে খাবার পরিবেশন

জাতীয় শোক দিবসে মেহেরপুর বিচার বিভাগের নানা কর্মসূচির অংশ হিসেবে মদিনাতুল উলুম কওমী মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ে স্বাধীনতার স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অতঃপর মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে দুপুরের খাবার পরিবেশন করা হয়।